

# 'শিল্পীর চোখে সবুজ ঢাকা' শীর্ষক আর্ট ক্যাম্পেন

প্রকাশিতঃ মে ২১, ২০১৭ প্রিন্ট



## • ডিএনসিসির উদ্যোগ

স্টাফ রিপোর্টার ॥ প্রায় ৩শ' শিল্পীকে সঙ্গে নিয়ে সবুজ ঢাকা গড়ার জন্য ছবি আঁকেছেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক। রাজধানীর শিল্পকলা একাডেমিতে 'শিল্পীর চোখে সবুজ ঢাকা' শিরোনামের এক আর্ট ক্যাম্পেনে অংশ নিয়ে ছবিগুলো আঁকেন তারা। শনিবার দুপুর ১২ টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চলে আর্ট ক্যাম্পটি। এই ক্যাম্পে আঁকা ছবিগুলো প্রদর্শনীর মাধ্যমে বিক্রি করা হবে এবং বিক্রি থেকে প্রাপ্ত অর্থ রাজধানী ঢাকার বৃক্ষায়নে ব্যয় করা হবে বলে জানা গেছে। সবুজ ঢাকা ও শিল্পকলা একাডেমি আয়োজনে ও চেইন শপ মীনা বজারের সহায়তায় 'শিল্পীর চোখে সবুজ ঢাকা' শীর্ষক আর্ট ক্যাম্পেনটি অনুষ্ঠিত হয়।

শিল্পকলা একাডেমির আর্ট ক্যাম্পেনে শনিবার সকাল থেকেই ছবি আঁকতে শুরু করেন বরণ্য শিল্পীরা। এ সময় আনিসুল হক নিজেও রঙ-তুলি হাতে তুলে নেন ছবি আঁকতে। অনুষ্ঠানে মেয়র বলেন, একসঙ্গে ৩শ' শিল্পীর অংশগ্রহণে আর্ট ক্যাম্প বিরল। শিল্পীরা ঢাকাকে কেমন দেখতে চান, সেটাই ফুটে উঠবে ক্যানভাসে। আমরা ঢাকাকে সবুজ রাখতে বিভিন্ন ধরনের উদ্যোগ নিয়েছি। এসব উদ্যোগে শিল্পীরাও আমাদের অংশীদার। তিনি বলেন, শিল্পীদের জন্যও সিটি কর্পোরেশন বিভিন্ন ধরনের উদ্যোগ নিচ্ছে। শিল্পীদের শিল্পকর্মের প্রদর্শনিসহ বিভিন্ন কাজে যেন সহায়তা হয়, তেমন উদ্যোগ আমরা নিচ্ছি।

অনুষ্ঠানে শিল্পী সমরজিৎ রায় চৌধুরী বলেন, আমরা চাই ঢাকা সবসময় সবুজ থাকুক। সবুজের ছায়ায় থাকুক ঢাকা। সিটি কর্পোরেশনের এ উদ্যোগ অসাধারণ। আর্ট ক্যাম্পেনে চিত্রশিল্পী মনিরুল ইসলাম, অলকেশ ঘোষ, তুরণ ঘোষ, গুলশান আরা, নাদিম আহমেদ, কনক চাঁপা চাকমা প্রমুখ অংশ নেন।